আদালত চত্বরে জয় বাংলা স্লোগান, আইভীর আইনজীবীসহ আটক ৩



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীর সঙ্গে আদালত প্রাঙ্গণে ‘জয় বাংলা’ স্লোগান দেওয়ার ঘটনায় তাঁর আইনজীবীসহ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন অ্যাডভোকেট জিয়াউল হক কাজল (৬৩), তাঁর ভাই আতিকুল ইসলাম (৫৫) ও অ্যাডভোকেট মাহাবুবুর রহমান (৩৬)। মঙ্গলবার (১৩ অক্টোবর) রাতে কাজল ও আতিকুলকে আল্লামা ইকবাল রোডের বাসা থেকে এবং মাহাবুবকে দেওভোগের পাকা রোডের গলি থেকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ জানায়, তুহিন হত্যা মামলায় উচ্চ আদালত থেকে জামিন পাওয়ার পর মঙ্গলবার নিম্ন আদালতে আইভীর পুনরায় জামিনের আবেদনের শুনানি হয়। আদালত তাঁর আবেদন মঞ্জুর করেন। শুনানি শেষে আদালত প্রাঙ্গণ থেকে গাড়িতে ওঠার সময় আইভী ‘জয় বাংলাকে দমিয়ে রাখা যাবে না, জয় বাংলা’ স্লোগান দেন। এ সময় তাঁর সঙ্গে থাকা নেতাকর্মীরাও স্লোগান দেন।

নারায়ণগঞ্জ জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ ও অপারেশন) তারেক আল মেহেদী বলেন, নিষিদ্ধ সংগঠনের কার্যক্রমে যুক্ত থাকার অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। সন্ত্রাসবিরোধী আইনে গ্রেপ্তার দেখিয়ে তাঁদের আদালতে পাঠানো হয়েছে।